

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
ত্রিশাল, ময়মনসিংহ  
doict.trishal.mymensingh.gov.bd



স্মারক নং: ৫৬.০৪.৬১৭৪.০০০.২৫.০০১.২৩- ৩৯

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০২৩ খ্রি:

বিষয়: শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানের শিক্ষকগণের মধ্যে ফ্রিল্যান্সিং প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকগণের তালিকা প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর ২৯/০৮/২০২৩খ্রিঃ তারিখের ৫৬.০৪.০০০০.০০১.১৮.০০১.২০-৮১৬ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আইসিটি শিক্ষার সম্প্রসারণ, দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন "সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন" শীর্ষক প্রকল্পের আওতায় এবং "শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)" প্রকল্পের মাধ্যমে সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে মোট ৯০০১টি "শেখ রাসেল ডিজিটাল ল্যাব" স্থাপন করা হয়েছে। ল্যাব সমূহের ব্যবহার, পরিচালনা ও রক্ষণাবেক্ষণ নিশ্চিত করণের লক্ষ্যে শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রত্যেক প্রতিষ্ঠান হতে ০৪জন করে মোট ৩৬০২০ জন শিক্ষকদের ১০ (দশ) দিনব্যাপি "আইসিটি ইন এডুকেশন লিটারেসি ট্রাভেলশুটিং এন্ড মেইনটেনেন্স" বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া ১৮০০ (এক হাজার আটশত) জন শিক্ষককে ২১ দিন ব্যাপী ফ্রন্টিয়ার টেকনোলজি বিষয়েও ১৫০০০ (পনের হাজার) জন শিক্ষককে ০২ দিন ব্যাপী লার্নিং ম্যানেজমেন্ট সিস্টেম, ডিজিটাল কন্টেন্ট ও অ্যাটেনডেন্স বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হবে।

এমতাবস্থায়, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠান থেকে ফ্রিল্যান্সিং/ আউটসোর্সিং প্রশিক্ষণ গ্রহণে আগ্রহী শিক্ষকগণের তালিকা প্রদত্ত ছক মোতাবেক তালিকা আগামী ০৬/০৯/২০২৩ খ্রি. তারিখ বিকাল ২.০০ ঘটিকার মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে হার্ডকপি ও স্ক্যান (সফট) কপি [doicttrishal@gmail.com](mailto:doicttrishal@gmail.com) ইমেইলে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মাহমুদা আখতার)

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ

শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠান প্রধান  
(সকল), ত্রিশাল, ময়মনসিংহ।

স্মারক নং: ৫৬.০৪.৬১৭৪.০০০.২৫.০০১.২৩- ৩৭/১(৪)

তারিখ: ১৬ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ  
৩১ আগস্ট ২০২৩ খ্রি:

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ১। প্রকল্প পরিচালক (অঃদাঃ), শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নিবাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৪। প্রোগ্রামার, জেলা কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
- ৬। অফিস কপি।

সহকারী প্রোগ্রামার

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

উপজেলা কার্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ

